

ক্যাডেট কলেজ দিবস পালিত

নিজস্ব প্রতিবেদক •

বিভিন্ন ক্যাডেট কলেজের প্রাক্তন ছাত্ররা গতকাল শনিবার ক্যাডেট কলেজ দিবস পালন করেছেন। গতকাল দিনভর বিভিন্ন অনুষ্ঠানের মধ্য দিয়ে এ দিবসটি পালন করা হয়।

সেনাবাহিনী প্রধান জেনারেল মোহাম্মদ আব্দুল মুবীন আর্মি পলক দ্বারা অনুষ্ঠানমালার উদ্বোধন করেন। এরপর দুপুরে সব ক্যাডেট কলেজের প্রাক্তন ক্যাডেটদের সংগঠনের সভাপতি ও সাধারণ সম্পাদকদের উপস্থিতিতে কেরা ক্যাম্পে ক্যাডেট কলেজ পরিচালনা পর্ষদের সভাপতি মেজর জেনারেল আগরাফ আবদুল্লাহ আনুষ্ঠানে সভাপতিত্ব করেন ক্যাডেট কলেজ ক্লাবের সভাপতি প্রকৌশলী রুহুল মতিন। এর আগে প্রাক্তন ক্যাডেট যাদের গ্রন্থ প্রকাশ পেয়েছে, তাঁদের সংবর্ধনা দেওয়া হয়। দুপুরের মেজবানে অতিথি ছিলেন বাংলাদেশ ব্যাংকের গভর্নর আতিউর রহমান এবং এফবিসিসিআইয়ের সভাপতি এ কে আজাদ। সবশেষে ছিল সংগীতানুষ্ঠান।